

৫০০ টাকা মূল্যমান ব্যাংক নোটের ডিজাইন ও নিরাপত্তা বৈশিষ্ট্য



নোটের সম্মুখভাগ



নোটের পেছনভাগ

(ক) ডিজাইন:

১. গভর্নর ড. আহসান এইচ মনসুর স্বাক্ষরিত ৫০০ টাকা নোটের আকার নির্ধারিত হয়েছে ১৫২ মি.মি. x ৬৫ মি.মি.।
২. নোটটি ১০০% কটন কাগজে মুদ্রিত। এছাড়া, নোটটির উভয় পৃষ্ঠে ইউভি কিউরিং ভার্নিশ সংযোজন করা হয়েছে এর ফলে নোটটি চকচকে (Glossy) অনুভূত হবে।
৩. নোটটির সম্মুখ ও পেছন উভয় অংশে সবুজ রঙের আধিক্য রয়েছে।
৪. নোটটির সম্মুখভাগের ডিজাইন হিসেবে বামপাশে কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকা এর ছবি এবং নোটের মাঝখানে 'প্রতিশ্রুত বাক্য' (Guarantee clause) ও মূল্যমান (পাঁচশত টাকা) এবং ব্যাকগ্রাউন্ডে পাতা ও কলিসহ প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা'র ছবি মুদ্রিত রয়েছে।
৫. নোটের পেছনভাগের ডিজাইন হিসেবে জলছাপ এলাকার ডানপাশে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা এর ছবি মুদ্রিত রয়েছে।

(খ) নিরাপত্তা বৈশিষ্ট্য:

৫০০ টাকা নোটটিতে নিম্নরূপ মোট ১০ ধরনের নিরাপত্তা বৈশিষ্ট্য সংযোজন করা হয়েছে:

১. নোটে জলছাপ হিসেবে রয়েল বেঙ্গল টাইগার এর মুখ; এর নিচে উজ্জ্বল ইলেকট্রোটাইপ জলছাপে '500' ও বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম রয়েছে।
২. নোটের সম্মুখভাগে ডানদিকে কোনায় মুদ্রিত মূল্যমান '500' রঙ পরিবর্তনশীল উন্নতমানের নিরাপত্তা কালি দ্বারা মুদ্রিত; নোটটি নাড়াচাড়া (Tilt) করলে এর রঙ সবুজ থেকে নীল রঙে পরিবর্তিত হয় এবং মূল্যমানের ভেতরে কোনাকুনিভাবে মুদ্রিত '৫০০' লেখাটি দৃশ্যমান হয়।
৩. নোটটির সম্মুখভাগের বামপাশে ৪ মি.মি. চওড়া লাল রঙ এবং উজ্জ্বল স্বর্ণালী বার এর সমন্বয়ে পেঁচানো (Twisted) নিরাপত্তা সুতা রয়েছে। নোটটি অনুভূমিকভাবে নাড়াচাড়া (Tilt) করলে লাল অংশ সবুজ রঙে পরিবর্তিত হবে, যাতে '৫০০ টাকা' খচিত রয়েছে যা আলোর বিপরীতে ধরলে দৃশ্যমান হবে এবং উলম্বভাবে নাড়াচাড়া (Tilt) করলে স্বর্ণালী বার অংশ একটি উজ্জ্বল রংধনু রঙের বারে রূপান্তরিত হয়ে উপর থেকে নিচে চলতে দেখা যাবে।
৪. নোটটিতে ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত অংশসমূহ হাতের স্পর্শে অসমতল অনুভব করা যাবে। ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত অংশসমূহের মধ্যে রয়েছে- নোটের সম্মুখভাগের কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকা এর ছবি, 'বাংলাদেশ ব্যাংক', 'প্রতিশ্রুত বাক্য' (Guarantee clause), বাংলা ও ইংরেজিতে মূল্যমান, নোটের ডানদিকে আড়াআড়িভাবে অবস্থিত ৬টি লাইন এবং নোটের পেছন ভাগে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা এর ছবি, সকল মূল্যমান (অংকে ও কথায়), বাংলাদেশ ব্যাংক এর মনোগ্রাম, 'BANGLADESH BANK' ইত্যাদি।
৫. দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য নোটের সম্মুখভাগে ডানে নীচের দিকে ৫টি ছোট বৃত্ত রয়েছে যা হাতের স্পর্শে অসমতল অনুভূত হয়।
৬. নোটের সম্মুখভাগে নিরাপত্তা সুতার বামপাশে ও 'BANGLADESH BANK' লেখাটির নিচে Microprint হিসেবে উলম্বভাবে 'BANGLADESH BANK' পুনঃ পুনঃ মুদ্রিত রয়েছে। এছাড়া, নোটের পেছনভাগে বামদিকের উপরে '৫০০' এবং নিচে '500' লেখার ব্যাকগ্রাউন্ডে 'BANGLADESH BANK' পুনঃ পুনঃ মুদ্রিত রয়েছে; যা শুধু Magnifying Glass দ্বারা দেখা যাবে।
৭. নোটের সম্মুখভাগে মাঝখানে ব্যাকগ্রাউন্ডে মুদ্রিত পাতা ও কলিসহ প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা UV fluorescence (Magenta) ink দ্বারা মুদ্রিত যা UV detector মেশিন দ্বারা দৃষ্টিগোচর হবে।
৮. নোটটিতে গভর্নর এর স্বাক্ষরের ডানপাশে See-Through image হিসেবে '৫০০' মুদ্রিত রয়েছে যা আলোর বিপরীতে ধরলে '৫০০' লেখা দৃশ্যমান হবে।
৯. নোটের সম্মুখভাগে নীচের দিকের বর্ডারের মাঝখানে গুণ্ডভাবে '500' লেখা আছে; যা নোটটি অনুভূমিকভাবে ধরলে দেখা যাবে।
১০. নোটের কাগজে লাল, নীল ও সবুজ রংয়ের অসংখ্য fiber রয়েছে যা UV detector machine দ্বারা দৃশ্যমান হয়।